

ISO 9001:2015 Certified

ফোন: ০৬৪১-৬৫১৫৪, ই-মেইল: rajbaripbs@yahoo.com, Web: pbs.rajbari.gov.bd

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি

চরবাগমারা, রাজবাড়ী



স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০২.০০৮.২১- ৮ ৮০

তারিখ: ১২ মাঘ ১৪২৭ বঙ্গ
২৬ জানুয়ারী ২০২১খ্রি:

“আন্তর্গত পরিস নিয়োগ বিজ্ঞপ্তি”

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিয়ন্ত্রিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারী পদে কর্মরত যারা পরিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত: ২০১২ইং) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিয়ন্ত্রিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে:

(ক) পদের নাম: “বিলিং সুপারভাইজার”।


ক্রঃ নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ও অন্যান্য ভাতাদি	জেলা কোটা
০১	বিলিং সুপারভাইজার	<p>(ক) প্রার্থীর ন্যূনতম ০৭ (সাত) বছর বিলিং সহকারী পদে নিয়মিত হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।</p> <p>(খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুপমেন্ট পরিচালনায় সামর্থ থাকতে হবে।</p> <p>(গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজি প্রতি মিনিটে ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।</p> <p>(ঘ) পরিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।</p> <p>(ঙ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩ (তিনি) বছরের কর্মমূল্যায়ন গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।</p>	পরিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।	পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অন্ত সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ রাজবাড়ী সদর, পাংশা, গোয়ালন্দ, কালুখালী, বালিয়াকান্দি উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

(খ) আবেদন করার পদ্ধতি:

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পর্ক প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) মাতার নাম, (গ) পিতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (বা) শিক্ষাগত যোগ্যতা, (ঝঝ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিনি) কপি সত্যায়িত রঙিন ছবি, সর্বশেষ ০৩ (তিনি) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, বিলিং সহকারী হিসেবে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি এজিএম এইচআর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), পরিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণের উত্তীর্ণ ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত মাগরিকত সনদের কপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক ছাড়পত্র প্রদানে অনাপত্তির সনদ ও পদোন্নতির সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ আগামী ০৬/০২/২০২১খ্রি তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ ঘটিকার সময় স্ব-শ্রবণে রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দফতর, চরবাগমারা, রাজবাড়ীতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর উপস্থিত হলে তা গ্রহণযোগ্য হবে না।

(গ) **শর্তাবলীঃ**

- ০১। অত্র পবিসে কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- ০২। অতীত কর্মসম্পাদনার মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীকে সংশ্লিষ্ট পদে নিয়োগ দেয়া হবে।
- ০৩। বিলিং সহকারী হিসেবে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানায়ই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।
- ০৪। সর্বশেষ ০৩ (তিনি) বছরের মধ্যে কোনরূপ গুরুদণ্ড ও সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদণ্ড দণ্ডিত অথবা বিগত ০৫ (পাঁচ) বছরের ভিত্তির একের অধিকবার গুরুদণ্ডপ্রাপ্ত অথবা বিগত ০৪ (চার) বছরের ভিত্তির একবার গুরুদণ্ড অথবা একবার লঘুদণ্ড প্রাপ্ত অথবা বিগত ০৩ বছরের ভিত্তির একের অধিকবার লঘুদণ্ড প্রাপ্ত অথবা পদোন্নতির জন্য ০৩ (তিনি) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন অথবা কর্মরত দপ্তর কর্তৃক বিভাগীয় ফৌজদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্ব” হিসেবে নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে “চলতি দায়িত্ব” থাকাকালীন কর্মসূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।
- ০৬। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।
- ০৭। কোন প্রার্থী তথ্য গোপন করে যদি নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৮। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ০৯। নির্বাচনী স্বাক্ষাংকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। “চলতি দায়িত্ব” থাকাকালীন সর্বশেষ বেতনের প্রত্যায়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
- ১১। বর্ণিত পদের নিয়োগের ক্ষেত্রে রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ইং) এর ধারা ০৭, ১৪ ও ১৬ প্রতিপালন করা হবে।

 ৩০/১০/১২

(মোঃ মফিজুর রহমান)

জেনারেল ম্যানেজার

মোবাইল - ০১৭৬৯-৮০০০৬৭

ই-মেইলঃ rajbaripbs@yahoo.com

ভন্তুলিপিঃ-সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যৈষ্ঠতার ভিত্তিতে নহে।

- ০১। নির্বাচী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৬। ডেপুটি জেনারেল ম্যানেজার, পাংশা জেনারাল অফিস, রাজবাড়ী পবিস।
- ০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী), রাজবাড়ী পবিস।
- ০৮। নোটিশ বোর্ড, রাজবাড়ী পবিস।
- ০৯। অফিস কপি/মাট্টার কপি।

(মোঃ মফিজুর রহমান)

জেনারেল ম্যানেজার